

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) পাম্প রিওয়ান্ডিং, মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের ক্যালকুলেশন।
- (৫) পাম্প রিওয়ান্ডিং, মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Rewinding, Repair, maintenance & servicing of 45KW pump motor with related works for outfall pumping station under PSTP(pump no:3) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত পয়ঃ উত্তোলন কেন্দ্রগুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টিটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন আউটফল পাম্পিং স্টেশনে ৯০ কিলোওয়াট ৩১.৮ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট, ৪৫ কিলোওয়াট ৩৯৫ লিটার/সেকেন্ড ক্যাপাসিটির ৩ সেট, ১১ কিলোওয়াট ৫৯.৮ লিটার/সেকেন্ড ক্যাপাসিটির ২ সেট ২.২ কিলোওয়াট ০.৯ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট ভ্যাকুয়াম পাম্প মোটর, ১.৫ কিলোওয়াট ০.২ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ১ সেট ফ্লোর-ডিওয়াটারিং সহ মোট ১০ সেট পাম্প মোটর রয়েছে। পাম্প মোটরগুলো ১৯৯১-৯২ সালে স্থাপন করা হয়েছে যা মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে চালু রাখা হচ্ছে। উক্ত পাম্প মোটরসমূহ রোস্টার অনুযায়ী সার্বক্ষণিক চালু থাকে। কোন কারনে পাম্প মোটরে ত্রুটি দেখা দিলে উক্ত পয়েন্টের পয়ঃ পরিশোধন কার্যক্রম ব্যাহত হয়। দীর্ঘদিন ধরে চলার ফলে সম্প্রতি ৩নং অর্থাৎ ৪৫ কিলোওয়াট ৩৯৫ লিটার/সেকেন্ড ক্ষমতার মোটরের ইনসুলেশন দুর্বল হয়ে জ্বলে গিয়েছে ও পাম্প সাইডে ত্রুটি দেখা দিয়েছে। বিদ্যমান পাম্প মোটরগুলো জার্মানীর তৈরি হওয়ায় এর বাজার মূল্য অনেক বেশি। ৪৫ কিলোওয়াট ক্যাপাসিটির ১ সেট পাম্প মোটরের বাজার মূল্য কম-বেশি ৮০ লক্ষ টাকা যা স্থানীয় বাজারে পাওয়া যায় না এবং ক্রয় করাও সময় সাপেক্ষ ব্যাপার। সেই কারনে সংস্থার লাভবানের স্বার্থে ও দ্রুত পয়ঃ পরিশোধন কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে আউটফল পাম্পিং স্টেশনের ১ সেট ৪৫ কিলোওয়াট ৩৯৫ লিটার/সেকেন্ড ক্ষমতার পাম্প মোটরের রিওয়ান্ডিংসহ মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করা প্রয়োজন।

১.১। সেই আলোকে "Rewinding, Repair, maintenance & servicing of 45KW pump motor with related works for outfall pumping station under PSTP(pump no:3)" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৬,৭৯৬.০০(চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত ছিয়ানব্বই) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ(কোড ০১-০৪-০০৪) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-৯৬; প্যাকেজ নং- W12 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Rewinding, Repair, maintenance & servicing of 45KW pump motor with related works for outfall pumping station under PSTP(pump no:3)" শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-


ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে Limited Tendering Method(LTM, e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৬,৭৯৬.০০(চার লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত ছিয়ানব্বই) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পয়ঃ পাম্প রক্ষণাবেক্ষণ(কোড ০১-০৪-০০৪)" খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


24/9/25
সম্রাট মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


24.09.2025
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


24/9/25
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


24/09/2025
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


24/9/25
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।